



গৌরনদী (বরিশাল) এ কাসেমাবাদ মাদ্রাসার মূল ভবন। ডানে ১৭ বছর যাবৎ তালাবদ্ধ বিজ্ঞান ভবন

—ইত্তেফাক

বরিশালের ঐতিহ্যবাহী কাসেমাবাদ মাদ্রাসা আজ ধ্বংসের দ্বারপ্রান্তে

গৌরনদী বরিশাল থেকে সংবাদপাতা ॥ দক্ষিণাঞ্চলে ইসলামী শিক্ষা প্রসারের লক্ষ্যে তৎকালীন আইন পরিষদ সদস্য মরহুম মাওলানা কাসেম ১৯৩২ সালে এ মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেন। কতিপয় ব্যক্তির হীনমন্যতার কারণে ঐতিহ্যবাহী কাসেমাবাদ সিদ্দিকিয়া আলীয়া কামিল মাদ্রাসা নানা সমস্যায় আজ ধ্বংসের দ্বারপ্রান্তে এসে পৌঁছেছে। ২রা আগস্ট সরেজমিনে জানা গেছে,

দীর্ঘদিন প্রতিষ্ঠাতার পরিবারের কয়েক ব্যক্তির কর্তৃত্বের লড়াইয়ের কারণে প্রতিষ্ঠানটি অবনতির দিকে ধাবিত হচ্ছে। দুই পক্ষের মামলা পাল্টা মামলা উচ্চ আদালত পর্যন্ত পৌঁছেছে। বহু শিক্ষক-কর্মচারী এখান থেকে চলে যেতে বাধ্য হয়েছেন। মাদ্রাসা কর্তৃপক্ষ জানায়, মাদ্রাসার গুরুত্বপূর্ণ ৮টি পদ দীর্ঘদিন যাবৎ খালি থাকার শিকার কার্যক্রম ব্যাহত হচ্ছে। পরি
(চম পৃ: ৩ঃ)

বরিশালের ঐতিহ্যবাহী

(১১শ পৃ: পর)

চালনা কমিটির স্থানের শূন্য পদে লোক নিয়োগ করা যাচ্ছে না। দশটি শ্রেণীর মোট ছাত্র-ছাত্রী ২৩৯ জনের মধ্যে উপস্থিতি খুবই কম। ৩য় ও ৪র্থ শ্রেণীর ক্লাস চলে একত্রে। বিজ্ঞান ভবনটির অবস্থা করুণ। মাদ্রাসার বিজ্ঞান বিভাগ বন্ধ করে দেয়ায় ভবনটি দীর্ঘদিন তালাবদ্ধ রয়েছে। মাদ্রাসার উপাধ্যক্ষ মাওলানা আবদুল খালেক জানান, ১৯৮৫ সালে বিমান বিভাগ বন্ধ করে দিলে ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পেতে থাকে।